# জনতা ব্যাংক পিএলসি.

ফরেন ট্রেড ডিপার্টমেন্ট-ইম্পোর্ট

প্রধান কার্যালয়, ঢাকা।

ফোনঃ ২২৩৩৮১২৬৬, ৫৫১১০০০২, ৫৫১১০০০৪

www.janatabank-bd.com


এফডি সার্কুলার লেটার নং- ৪৩২

তারিখঃ ০৮.০৭.২৫ইং

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক/
একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক এবং সকল উপ ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল এডি শাখা।

বিষয়ঃ মেয়াদোত্তীর্ণ স্বীকৃত বিল (বৈদেশিক বা স্থানীয়) পরিশোধ প্রসঙ্গে।

জনাব,

শিরোনামীয় বিষয়ে বাংলাদেশ ব্যাংক, ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয়, ঢাকা কর্তৃক জারীকৃত এফইওডি সার্কুলার পত্র নং-০১ তারিখঃ ১৩ এপ্রিল, ২০২৫ এর মাধ্যমে মেয়াদোত্তীর্ণ স্বীকৃত বিল (বৈদেশিক বা স্থানীয়) পরিশোধ সম্পর্কিত নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হয় (অপর পৃষ্ঠায় মুদ্রিত)ঃ

উদ্ধৃত

শিরোনামোক্ত বিষয়ে Guidelines for Foreign Exchange Transaction (GFET)-2018, ভলিউম-০১, অধ্যায়-০৭ প্যারা-৩৪(এ); বিআরপিডি সার্কুলার নং- ০৬/২০১৪, এফই সার্কুলার পত্র নং- ২৩/২০২০, এফই সার্কুলার পত্র নং-৩৮/২০২২, এফই সার্কুলার নং- ৩০/২০২৪ এর মাধ্যমে প্রদত্ত নির্দেশনাসমূহ দ্রষ্টব্য।

০২। আমদানির বিপরীতে বিলমূল্য যথাসময়ে পরিশোধিত না হলে তা দেশের ব্যাংক ব্যবস্থার ভাবমূর্তি ক্ষুন্ন করে; বৈদেশিক বাণিজ্যের ব্যয় বৃদ্ধিসহ অনুকূল পরিবেশ বিঘ্নিত হয় বিবেচনায় মেয়াদোত্তীর্ণ স্বীকৃত বিল (বৈদেশিক বা স্থানীয়) দ্রুত পরিশোধ নিশ্চিতকল্পে ব্যাংক নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করবেঃ

ক. মেয়াদোত্তীর্ণ স্বীকৃত বিলসমূহ (বৈদেশিক বা স্থানীয়) বিস্তারিত পর্যালোচনাপূর্বক (মামলাধীন, Realization Clause যুক্ত, বৃহৎ শিল্প প্রতিষ্ঠান ইত্যাদি ভিত্তিক বিশ্লেষণপূর্বক) সমন্বিত কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে;

খ. বিস্তারিত পর্যালোচনায় শাখাভিত্তিক (প্রযোজ্য ক্ষেত্রে) পারফরমেন্স মূল্যায়নকরতঃ যে সকল শাখায় মেয়াদোত্তীর্ণ অপরিশোধিত স্বীকৃত বিলের (বৈদেশিক বা স্থানীয়) পরিমান বেশি সে সকল শাখায় বিশেষ পরিবীক্ষণ ব্যবস্থা চালু করতে হবে;

গ. মামলাধীন কোন বিল পরিশোধযোগ্য না হলে তা সরবরাহকারীর ব্যাংক-কে অবহিত করতে হবে; এবং

ঘ. মেয়াদোত্তীর্ণ স্বীকৃত বিলের (বৈদেশিক বা স্থানীয়) মাসিক বিবরনী দাখিলের ক্ষেত্রে Online Import Monitoring System (OIMS) যাচাইপূর্বক তথ্য প্রেরণ করতে হবে।

০৩। এডি শাখায় দাখিলকৃত সকল বিল (বৈদেশিক বা স্থানীয়), প্রদত্ত ডিসক্রিপেন্সি (যদি থাকে) ও বিলমূল্য পরিশোধের তথ্য সংরক্ষণ ও মাসিক ভিত্তিতে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করতে হবে।

০৪। এ নির্দেশনা ফরেন এক্সচেঞ্জ রেগুলেশন অ্যাক্ট, ১৯৪৭ এর ২০(৩) ধারা ও ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫(১)(ঘ) ধারায় অর্পিত ক্ষমতাবলে জারি করা হলো। বর্ণিত নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুদ্ধৃত

এ অবস্থায়, এফইওডি সার্কুলার পত্র নং-০১/২০২৫ মোতাবেক মেয়াদোত্তীর্ণ স্বীকৃত বিল (বৈদেশিক বা স্থানীয়) পরিশোধ সম্পর্কিত বাংলাদেশ ব্যাংকের উপরিউক্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালন/বাস্তবায়ন করার জন্য এডি শাখাসহ সংশ্লিষ্ট বিভাগ/কার্যালয় সমূহকে পরামর্শ প্রদান করা হলো।

(মোঃ মামুন-অর-রশীদ)
উপ-মহাব্যবস্থাপক

(মেহের সুলতানা)
মহাব্যবস্থাপক

পরিশিষ্ট-'ক'

ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফইওডি সার্কুলার পত্র নং-০১

তারিখ ঃ ৩০ চৈত্র, ১৪৩১
১৩ এপ্রিল, ২০২৫

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

**মেয়াদোত্তীর্ণ স্বীকৃত বিল (বৈদেশিক বা স্থানীয়) পরিশোধ প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে Guidelines for Foreign Exchange Transaction (GFET)-2018, ভলিউম-০১, অধ্যায়-০৭, প্যারা-৩৪(এ); বিআরপিডি সার্কুলার নং-০৬/২০১৪, এফই সার্কুলার পত্র নং-২৩/২০২০, এফই সার্কুলার পত্র নং-৩৮/২০২২, এফই সার্কুলার নং-৩০/২০২৪ এর মাধ্যমে প্রদত্ত নির্দেশনাসমূহ দ্রষ্টব্য।

০২। আমদানির বিপরীতে বিলমূল্য যথাসময়ে পরিশোধিত না হলে তা দেশের ব্যাংক ব্যবস্থার ভাবমূর্তি ক্ষুণ্ন করে; বৈদেশিক বাণিজ্যের ব্যয় বৃদ্ধিসহ অনুকূল পরিবেশ বিঘ্নিত হয় বিবেচনায় মেয়াদোত্তীর্ণ স্বীকৃত বিল (বৈদেশিক বা স্থানীয়) দ্রুত পরিশোধ নিশ্চিতকল্পে ব্যাংক নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করবেঃ

ক. মেয়াদোত্তীর্ণ স্বীকৃত বিলসমূহ (বৈদেশিক বা স্থানীয়) বিস্তারিত পর্যালোচনাপূর্বক (মামলাধীন, Realization Clause যুক্ত, বৃহৎ শিল্প প্রতিষ্ঠান ইত্যাদি ভিত্তিক বিশ্লেষণপূর্বক) সমন্বিত কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে;

খ. বিস্তারিত পর্যালোচনায় শাখাভিত্তিক (প্রযোজ্য ক্ষেত্রে) পারফরমেন্স মূল্যায়নকরতঃ যে সকল শাখায় মেয়াদোত্তীর্ণ অপরিশোধিত স্বীকৃত বিলের (বৈদেশিক বা স্থানীয়) পরিমান বেশি সে সকল শাখায় বিশেষ পরিবীক্ষণ ব্যবস্থা চালু করতে হবে;

গ. মামলাধীন কোন বিল পরিশোধযোগ্য না হলে তা সরবরাহকারীর ব্যাংক-কে অবহিত করতে হবে; এবং

ঘ. মেয়াদোত্তীর্ণ স্বীকৃত বিলের (বৈদেশিক বা স্থানীয়) মাসিক বিবরণী দাখিলের ক্ষেত্রে Online Import Monitoring System (OIMS) যাচাইপূর্বক তথ্য প্রেরণ করতে হবে।

০৩। এডি শাখায় দাখিলকৃত সকল বিল (বৈদেশিক বা স্থানীয়), প্রদত্ত ডিসক্রিপেন্সি (যদি থাকে) ও বিলমূল্য পরিশোধের তথ্য সংরক্ষণ ও মাসিক ভিত্তিতে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করতে হবে।

০৪। এ নির্দেশনা ফরেন এক্সচেঞ্জ রেগুলেশন অ্যাক্ট, ১৯৪৭ এর ২০(৩) ধারা ও ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫(১)(ঘ) ধারায় অর্পিত ক্ষমতাবলে জারি করা হলো। বর্ণিত নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(কামাল হোসেন)
পরিচালক (এফইওডি)
ফোন ঃ ৯৫৩০১২৭